

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এডিবি-৪ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা

প্রেস বিজ্ঞপ্তি


আজ ২৯ মে ২০১৭ তারিখ বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে **Bangladesh Power System Enhancement and Efficiency Improvement Project**-শীর্ষক প্রকল্পের জন্য ৬১৬ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি ঢাকায় স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশ সরকারের পক্ষে জনাব কাজী শফিকুল আযম, ভারপ্রাপ্ত সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং এডিবির পক্ষে Mr. Kazuhiko Higuchi, Country Director, বাংলাদেশ আবাসিক মিশন উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে বাংলাদেশ সরকার ও এডিবি'র সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

Bangladesh Power System Enhancement and Efficiency Improvement Project-শীর্ষক প্রকল্প চার বছর মেয়াদে (জুলাই ২০১৬ থেকে জুন ২০২০) বাস্তবায়িত হবে এবং প্রাক্কলিত ব্যয় সর্বমোট ১,০৫৭.৫ মিলিয়ন মার্কিন ডলার। এর মধ্যে এডিবি বাংলাদেশ সরকারকে ৬১৬ মিলিয়ন মার্কিন ডলার {৬০০ মিলিয়ন মার্কিন ডলার ওসিআর এবং ১৬ মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের ওসিআর (ওসিআর কনসেশনাল)} ঋণ প্রদান করবে। অবশিষ্ট ৪৩৯.৫ মিলিয়ন মার্কিন ডলারের সমপরিমাণ অর্থ বাংলাদেশ সরকার এবং সংশ্লিষ্ট সংস্থাকে যোগান দিতে হবে। এডিবি ছাড়াও, উক্ত কর্মসূচিতে সহ-অর্থায়নকারী হিসাবে জাপান ফান্ড ফর পভারটি রিডাকশন (জেএফপিআর) ০২ মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করবে। এডিবি প্রদেয় ওসিআর এবং সহজ শর্তের ওসিআর (ওসিআর কনসেশনাল) ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। ওসিআর কনসেশনাল ঋণের বার্ষিক সুদের হার ২% এবং ওসিআর ঋণের সুদের হার LIBOR ভিত্তিক। এছাড়া, ওসিআর ঋণের জন্য অব্যয়িত অর্থের ওপর ০.১৫% হারে কমিটমেন্ট চার্জ এবং ০.১০% হারে ম্যাচুরিটি প্রিমিয়াম প্রযোজ্য হবে।

বিদ্যুৎ বিভাগ এ প্রকল্পের উদ্যোগী বিভাগ। পাওয়ার গ্রীড কোম্পানি বাংলাদেশ লিঃ (পিজিসিবি), ঢাকা ইলেক্ট্রিক সাল্লাই কোম্পানি লিঃ (ডেসকো) এবং বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বিআরইবি) এ ঋণের আওতায় গৃহিত প্রকল্পসমূহের বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করবে। এ প্রকল্পের আওতায় গৃহিত কার্যক্রমের মূল উদ্দেশ্য হচ্ছে- বাংলাদেশের বিদ্যুৎ খাতে সঞ্চালন এবং বিতরণ সক্ষমতা বৃদ্ধি করে দক্ষ এবং নির্ভরযোগ্য বিদ্যুতে প্রবেশাধিকার নিশ্চিত করা। এ ঋণের আওতায় নিম্নবর্ণিত প্রকল্পগুলি বাস্তবায়ন করা হবেঃ

- (i). Aminbazar-Maowa-Mongla 400 kV Transmission Line Project;
- (ii). Installation of Supervisory Control and Data Acquisition (SCADA) System in DESCO Areas;
- (iii). Up- Gradation, Rehabilitation and Intensification of Distribution System (Dhaka, Mymensingh, Chittagong and Sylhet Divisions);
- (iv). Up- Gradation, Rehabilitation and Intensification of Distribution System (Rajshahi, Rangpur, Khulna and Barisal Divisions); and
- (v). Enhancement of capacity in transmission and distribution agencies.

১৯৭৩ সালে বাংলাদেশ সদস্য হওয়ার পর থেকেই এডিবি অন্যতম উন্নয়ন সহযোগী হিসেবে বাংলাদেশকে ঋণ ও অনুদান সহায়তা প্রদান করে আসছে। এ পর্যন্ত বাংলাদেশকে প্রদত্ত এডিবি'র ঋণ সহায়তার পরিমাণ ১৬ বিলিয়ন মার্কিন ডলারের অধিক। এডিবি মূলতঃ বাংলাদেশে বিদ্যুৎ, জ্বালানি, স্থানীয় সরকার, পরিবহণ, শিক্ষা, কৃষি, পানিসম্পদ, সুশাসন, স্বাস্থ্য ও আর্থিক খাতে ঋণ সহায়তা প্রদান করে থাকে।


(মোহাঃ অলিউল্লাহ মিয়া)
উপ-সচিব